2 5 JUL 2017

# সংবাদ

## ভিসি নির্বাচনে ঢাবির সিনেট বৈঠকের ওপর স্থগিতাদেশ

নিজস্ব বার্তা পরিবেশক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্যানেল মনোয়ননের জন্য আগামী ২৯ জুলাই ঢাকা সিনেটের বৈঠকের ওপর স্থগিতাদেশ দিয়েছেন হাইকোর্ট। গতকাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকসহ ১৫ জন রেজিস্ট্রার্ড গ্র্যাজুয়েটদের করা রিট আবেদনের শুনানি নিয়ে বিচারপতি তারিক উল হাকিম ও বিচারপতি এম, ফারুকের হাইকোর্ট বেঞ্চ রুলসহ এই আদেশ দেন। আদালতে রিট আবেদনের পক্ষে শুনানি করেন ব্যারিস্টার রোকন উদ্দিন মাহমুদ, সঙ্গে ছিলেন ব্যারিস্টার মোস্তাফিজুর রহমান খান। ঢাকা বিশ্ববিদ্যালয়ের পক্ষে শুনানিতে ছিলেন আইনজীবী এএফএম মেজবাহ উদ্দিন। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল ভিসি : পৃষ্ঠা : ২ ক : ৩

### ভিসি : নির্বাচনে

(১৬ পৃষ্ঠার পর)

আমাতুল করিম।

আদালত রুলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আদেশ ১৯৭৩ সালে ২০ (১) ধারা অনুযায়ী সিনেট গঠন না করে ২৯ জুলাই ডাকা সভা কেন আইনগত কর্তৃত্ববহির্ভূত হবে না- তা জানতে চেয়েছেন। রিটের বিবাদী করা হয়েছে- প্রফেসর ড. আবু আহসান মোহাম্মদ সামসুল আরেফিন, প্রো-ভিসি (একাডেমিক), প্রো-ভিসি (অ্যাডমিনিস্ট্রেশন), ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ও শিক্ষা সচিব।

রাষ্ট্রপক্ষের আইনজীবী আমাতুল করিম সাংবাদিকদের জানান, আবেদনকারীদের দাবি রেজিস্ট্রার্ড গ্র্যাজুয়েটদের অনেক প্রতিনিধির পদ খালি। তাই এ নির্বাচন না দিয়ে সিনেট সভা ডেকে উপাচার্য প্যানেল মনোনয়ন করা ঠিক নয়। এ কারণে ১৬ জুলাইয়ের এ চিঠির বৈধতা চ্যালেঞ্জ করে ১৫ জন হাইকোর্টে রিট করেন। প্রাথমিক শুনানি শেষে হাইকোর্ট ওই চিঠির কার্যকারিতা স্থগিত করে রুল জারি করেন। অর্থাৎ ২৯ জুলাইয়ের ঢাকা সিনেট কমিটির বিশেষ সভা স্থগিত থাকবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........
তারিখ.........
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর